



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া  
পোস্ট কোড: বগুড়া-৫৮০০, বাংলাদেশ।



কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১  
www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com  
ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯

বিজ্ঞপ্তি


তারিখ : ১৬ই কার্তিক ১৪৩০  
১লা নভেম্বর ২০২৩

এতদ্বারা এই কলেজের উচ্চ মাধ্যমিক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রদানের লক্ষে উপবৃত্তি গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম কলেজের ওয়েবসাইট (www.ahcollege.gov.bd) অথবা (www.pmeat.gov.bd) হতে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে নিম্নে উল্লিখিত কাগজপত্রসহ আগামী ০৫/১১/২০২৩ খ্রি. তারিখ হতে ০৮/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উচ্চ মাধ্যমিক ভবনের অফিসে জমা দেওয়ার জন্য বলা হলো।

**প্রয়োজনীয় কাগজপত্র:**

- ১। শিক্ষার্থীর ডিজিটাল জন্ম সনদের ফটোকপি (১৭ সংখ্যার)
- ২। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার)
- ৩। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)
- ৪। এস.এস.সি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ৫। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর (শিক্ষার্থীর নিজ/অভিভাবকের নামে)
- ৬। একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- ৭। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম প্রদান করতে হবে। মাতাকে অভিভাবক নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে তার নাম প্রদান করতে হবে।
- ৮। সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

উল্লেখ্য যে, উপবৃত্তির জন্য শিক্ষার্থীর আবেদন/তথ্য HSP-MIS এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে।

  
০২/১১/২০২৩  
অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া  
প্রফেসর মোঃ শাহজাহান আলী (৪৯৯০)  
অধ্যক্ষ  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।

**অনুলিপি:** সদয় অবগতি ও কার্যার্থে-

- ১। উপাধ্যক্ষ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, উচ্চ মাধ্যমিক ভবন, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া
- ৪। নোটিশ বোর্ড, উচ্চ মাধ্যমিক ভবন, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া
- ৫। সংরক্ষণ নথি।